

অবরোধের মুখে চট্টগ্রাম ভার্গিট

সিঙিকিটের বৈঠক হতে পারে নি

।। নিজস্ব প্রতিনিধি।।

চট্টগ্রাম ২ আগস্ট।- ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীদের অবরোধের মুখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরো একটি জরুরী সিঙিকিট সভা হতে পারেনি।

বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য সিঙিকিটের এই সভা আহ্বান করা হয়েছিল এবং এ জন্য ঢাকা থেকে সরকারী কর্মকর্তাসহ সদস্য উপস্থিত হয়েছিলেন। কিন্তু শিবির কর্মীদের অবরোধের মুখে তারা

সভাস্থলে যেতে পারেননি। শিবির কর্মীরা "সিঙিকিট সভা অনুষ্ঠিত হবে না" এই মর্মে রেজিস্টার আবদুর রশিদের কার থেকে জবরদস্তি মূলক একটি লেখা আদায় করে নেয় বলে অভিযোগ পাওয়া গেছে। দুপুরের পর তারা অবরোধ প্রত্যাহার করে নিলেও আগামীকাল শনিবার থেকে প্রশাসনিক ভবনে সব ধরনের কাজকর্ম বন্ধ করে দেবে এবং উপাচার্যকে তার দফতরে প্রবেশ করতে দেয়া হবে না বলে শেষ পৃঃ ৭-এর কলামে

সিঙিকিটের বৈঠক

প্রথম পৃষ্ঠার পর

হুমকি দিয়েছে।
উল্লেখ্য, শিবির কর্মীরা গত ৩১ জুলাই থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবন অবরোধ করে রাখে। তারা টেলিফোন লাইন কেটে দেয় এবং বাসভবনের সঙ্গে সবধরনের যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়। উপাচার্য বাসভবনে কোন কর্মচারীকে আসা-যাওয়া করতে দেয়া হয়নি এবং চিকিৎসকদেরও প্রবেশ করতে দেয়নি। শুধু তাই নয় তারা উপাচার্য ভবনের পানির লাইনও কেটে দেয়। গতকাল অবরোধের সময় শিবির কর্মীরা উপাচার্যের বাসভবনে ইটপাটকেল নিক্ষেপ করে ও ফটকের বাইরে ফ্রেকার ফাটায় ও ফাঁকা গুলী ছোঁড়ে। অবরোধকারীদের মধ্যে বিপুলসংখ্যক বহিরাগত ছিল এবং হলসমূহেও বিপুলসংখ্যক বহিরাগত অবস্থান করছে বলে বিশ্বস্তসূত্রে জানা গেছে। উপাচার্যের বাসভবনের বাইরে ছাত্র শিবির কর্মী ও সশস্ত্র বহিরাগতরা অস্থায়ী রাস্তাপতির বিরুদ্ধে শ্লোগান দেয় এবং স্বরাষ্ট্রমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করে।

গত ৩ দিন ধরে এই পরিস্থিতি চলাকালীন সময়ে উপস্থিত পুলিশদের নিরীক দেখা গেছে। বিশ্ববিদ্যালয়ে এখন ধর্মঘমে অবস্থা বিরাজ করছে। যেকোন সময়ে অবস্থার চরম অবনতি ঘটতে পারে বলে আশংকা করা হচ্ছে।

অপরদিকে শিবির সমর্থিত সম্মিলিত ছাত্রঐক্য পরিষদ এর সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, উপাচার্যের অপসারণ ও কমিশনের রিপোর্ট বাস্তবায়নের দাবিতে তাদের ১৮ ঘণ্টার প্রতীক অনশন ধর্মঘট আজ দুপুর ১২টায় শেষ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ শরবত পান করিয়ে তাদের অনশন ভঙ্গ করান। শিবির সমর্থিত অপর সংগঠন সংগ্রামী ছাত্রঐক্য অপর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, আজ দুপুর ১২টা ২০ মিনিটে রেজিস্টার লিখিতভাবে আজকের সিঙিকিট সভা বাতিল ঘোষণা করার পর অ্যাপাত্ত অবস্থান ধর্মঘট প্রত্যাহার করা হয়েছে।